

আরবিআই/২০১১-১২/২৯১

ডিজিবিএ.সিডিডি.নং.এইচ-৩৫৭২/১৫.০২.০০১/২০১১-১২

তারিখঃ ডিসেম্বর ০৫, ২০১১

সভাপতি এবং পরিচালন অধিকর্তা / পরিচালন অধিকর্তা

সরকারি লেখা বিভাগ/ প্রধান কার্যালয়

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া / স্টেট ব্যাঙ্ক অফ পাটিয়ালা/

স্টেট ব্যাঙ্ক অফ বিকানির এন্ড জয়পুর / স্টেট ব্যাঙ্ক অফ ট্রাভাকোর/

স্টেট ব্যাঙ্ক অফ হায়দ্রাবাদ / স্টেট ব্যাঙ্ক অফ মাইসোর / অন্ধ্র ব্যাঙ্ক/

এলাহাবাদ ব্যাঙ্ক/ ব্যাঙ্ক অফ বরোদা / ব্যাঙ্ক অফ ইন্ডিয়া/

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র / কানারা ব্যাঙ্ক/ সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া/

কর্পোরেশন ব্যাঙ্ক / দেনা ব্যাঙ্ক/ ইন্ডিয়ান ব্যাঙ্ক / ইন্ডিয়ান অভারসিজ ব্যাঙ্ক/

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক/ সিন্ডিকেট ব্যাঙ্ক/ ইউকো ব্যাঙ্ক/

ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া / ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া /

বিজয়া ব্যাঙ্ক/ আইডিবিআই ব্যাঙ্ক/ আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

মহাশয়/ মহাশয়া,

**লোক ভবিশ্যানিধি প্রকল্প, ১৯৬৮ (পিপিএফ, ১৯৬৮)-এর সংশোধনী**

এতদ্বারা শিরোনামাঙ্কিত বিষয়ে ভারত সরকারের নভেম্বর ২৫, ২০১১ তারিখের বিজ্ঞপ্তি জি.এস.আর.(ই) এবং এস.ও.(ই) যেখানে পরিবেশিত বিষয় স্বত-ব্যখ্যাত, তার একটি প্রতিলিপি পাঠানো হচ্ছে।

২. এই প্রসঙ্গে, আমরা জানাই যে এই বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত বিষয় আপনার ব্যাঙ্কের যে সমস্ত শাখাগুলি পিপিএফ, ১৯৬৮-এর কাজকর্ম করে তাদের অবগতিতে আনা হোক এবং পিপিএফ, ১৯৬৮-র গ্রাহকগণের জ্ঞাতার্থে আপনার শাখাগুলির নোটিশবোর্ডেও প্রদর্শিত হোক।

আপনার বিশ্বস্ত

(শ্রীকান্ত হামিনে)

প্রবন্ধক

সংযোজনী: ২

ভারত সরকারের গেজেটে প্রকাশিতব্য; বিশেষ, ভাগ II—অনুভাগ.৩ (II)

নয়া দিল্লি, নভেম্বর ২৫, ২০১১

অর্থ মন্ত্রক  
(আর্থিক বিষয় বিভাগ)

বিজ্ঞপ্তি

জি.এস.আর(ই).-ভারত সরকার এতদ্বারা লোক ভবিষ্যনিধি আইন, ১৯৬৮ (১৯৬৮-এর ২৩)-এর ধারা ৩-এর উপধারা (৪) দ্বারা প্রদত্ত ক্ষমতাবলে লোক ভবিষ্য নিধি প্রকল্প, ১৯৬৮-তে নিম্নলিখিতগুলি সংশোধন করেছেন, যেমন:  
১.(১) এই প্রকল্পটিকে লোক ভবিষ্যনিধি (সংশোধনী) প্রকল্প, ২০১১ বলা যায়।

(২) এই প্রকল্পটি বলবৎ হবে ডিসেম্বর ২০১১-এর ১ তারিখ থেকে।

২. লোক ভবিষ্যনিধি প্রকল্প, ১৯৬৮-তে

(১) অনুচ্ছেদ ৩, উপ-অনুচ্ছেদ (১)-এ, কথায় এবং সংখ্যায় ৭০০০০টাকার পরিবর্তে কথায় এবং সংখ্যায় ১০০০০০ টাকা বসবে।

(২) অনুচ্ছেদ ১১, উপ অনুচ্ছেদ (২)-এ, “প্রতি বর্ষে এক শতাংশ”-র পরিবর্তে “প্রতি বর্ষে দুই শতাংশ” বসবে।

(৩) ফর্ম-এ তে, অনুচ্ছেদ(iv)-এ কথায় এবং সংখ্যায় ৭০০০০টাকার পরিবর্তে কথায় এবং সংখ্যায় ১০০০০০টাকা বসবে।

[এফ নং ১/৯/২০১১-এনএস-II]

এম.এ.খান, অবর সচিব

দ্রষ্টব্য: প্রকল্পটি প্রজ্ঞাপিত করা হয়েছে দ্রষ্টব্য ১৫.০৬.১৯৬৮ তারিখাঙ্কিত বিজ্ঞপ্তি জি.এস.আর.১১৩৬(ই) এবং সংশোধিত হয়েছে দ্রষ্টব্য ১.৮.৭২ তারিখাঙ্কিত জি.এস.আর. ৩৬৮(ই), ৯.৩.৭৯ তারিখাঙ্কিত জি.এস.আর. ২১৭(ই), ১৬.৩.৮৩ তারিখাঙ্কিত জি.এস.আর.২৭১(ই), ৭.২.৮৪ তারিখাঙ্কিত জি.এস.আর.৫৪(ই), ২৩.৬.৮৬ তারিখাঙ্কিত জি.এস.আর. ৮৯৫(ই), ২০.৮.৮৬ তারিখাঙ্কিত জি.এস.আর.১০১৩(ই), ২৯.৮.৮৯ তারিখাঙ্কিত জি.এস.আর.৭৯৩(ই), ২৫.৫.৯৪ তারিখাঙ্কিত জি.এস.আর.৪৭৭(ই), ৬.৭.৯৯ তারিখাঙ্কিত জি.এস.আর.৪৮৯(ই), ৬.১২.২০০০ তারিখাঙ্কিত জি.এস.আর.৯০৮(ই), ৪.১০.২০০২ তারিখাঙ্কিত জি.এস.আর.৬৭৯(ই), ১৫.১১.২০০২ তারিখাঙ্কিত জি.এস.আর.৭৬৮(ই), ২৫.৭.২০০৩ তারিখাঙ্কিত ৫৮৫(ই), ২৭.৮.২০০৩ তারিখাঙ্কিত জি.এস.আর.৬৯০(ই), ১৯.১১.২০০৪ তারিখাঙ্কিত জি.এস.আর.৭৫৫(ই), ১৩.৫.২০০৫ তারিখাঙ্কিত জি.এস.আর.২৯১(ই) এবং ৭.১২.২০১০ তারিখাঙ্কিত জি.এস.আর.৯৫৬(ই)।

ভারত সরকারের বিশেষ গেজেটে, ভাগ II—অনুভাগ.৩(II) প্রকাশিতব্য

নয়া দিল্লি, নভেম্বর ২৫, ২০১১

অর্থ মন্ত্রক  
(আর্থিক বিষয় বিভাগ)

বিজ্ঞপ্তি

এস.ও.(ই).-লোক ভবিষ্যনিধি আইন, ১৯৬৮ (১৯৬৮এর ২৩)-এর ধারা ৫-এর অনুসারে, ভারত সরকার এতদ্বারা প্রজ্ঞাপিত করছেন যে ডিসেম্বর, ২০১১-এর প্রথম দিনে অথবা তার পরে উক্ত নিধিতে প্রদত্ত অর্থ এবং গ্রাহকের খাতে জমা অর্থ প্রতি বর্ষে ৮.৬ শতাংশ হারে সুদ বহন করবে।

[এফ.নং.১/৯/২০১১-এনএস-II]  
এম.এ.খান, অতিরিক্ত সচিব

দ্রষ্টব্য:- মূল বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল গেজেট অফ ইন্ডিয়াতে, দ্রষ্টব্য নং এস.ও.৪৮ (ই), তারিখ জানুয়ারি ১৫, ২০০০ এবং পরবর্তীকালে সংশোধিত অবস্থায় দ্রষ্টব্য এস.ও.১৯২(ই) তারিখ মার্চ ১, ২০১১; এস.ও.২৭১ (ই) মার্চ ১, ২০০২ এবং এস.ও.২৫০ (ই) তারিখ মার্চ ১, ২০০৩।